



## ইমিগ্রেশন এ্যান্ড রিফিউজি বোর্ড অফ কানাডা-তে আপনার ভার্চুয়াল শুনানির জন্য প্রস্তুত হওয়ার ত্বরিত টিপ্স (নির্দেশকসমূহ)

ইমিগ্রেশন এ্যান্ড রিফিউজি বোর্ড অফ কানাডা (আই আর বি)-তে আপনার ভার্চুয়াল শুনানির জন্য প্রস্তুত হতে আপনাকে সাহায্য করার উদ্দেশ্যে নিম্নে কিছু ত্বরিত নির্দেশকসমূহ দেয়া হল।

আপনার শুনানির সঙ্গে সংযোগ করতে সমস্যা হলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সংযোগ করতে সাহায্য করার চেষ্টা করব। আমাদের যোগাযোগের তথ্য আপনার নোটিশ টু এ্যাপিয়ার-এ (উপস্থিত হওয়ার বিজ্ঞপ্তিতে) তালিকাভুক্ত করা হয়েছে।



### এ্যাপ (app)-টি ডাউনলোড করুন

আপনার ডিভাইস-এ [মাইক্রোসফ্ট টিমস ডাউনলোড](#) করুন। অ্যাপটি আপনার ভার্চুয়াল শুনানির জন্য সর্বোত্তম সামগ্রিক অভিজ্ঞতা প্রদান করে, যদিও আপনি একটি ওয়েব ব্রাউজার ব্যবহার করে সংযোগ করতেও বেছে নিতে পারেন।



### আপনার ডিভাইসটি পরীক্ষা করুন

আপনার ডিভাইসের [সংযোগের গতি](#) পরীক্ষা করুন (1.5 Mbps বা আরও বেশী)। তারপর, মাইক্রোসফ্ট টিমস ব্যবহার করে আপনার পরামর্শদাতা (বা একজন বন্ধু)-কে কল করুন এবং একটি সংক্ষিপ্ত কথোপকথন করে নিশ্চিত করুন যে আপনার ক্যামেরা, মাইক্রোফোন এবং স্পীকার সঠিকভাবে কাজ করছে।



### হেডফোন এবং মিউট কার্যকরিতা ব্যবহার করুন

আমরা পরামর্শ দেই যে আপনি একটি বিল্ট-ইন মাইক্রোফোন সহ হেডফোন ব্যবহার করুন যাতে ভাল শব্দের গুণমান নিশ্চিত করা যায়। শুনানির সময় আপনি যখন কথা বলছেন সেই সময় ছাড়া আপনার মাইক্রোফোন মিউট (নিঃশব্দ) রাখুন।



### আপনার নথিপত্র প্রস্তুত রাখুন

শুনানির সময়, পৃষ্ঠাগুলি নম্বর করা সহ আপনার নথির প্যাকেজটি নাগালের মধ্যে থাকা উচিত। আপনার এবং আপনার পরামর্শদাতার প্রত্যেকের একই প্যাকেজের একটি কপি থাকা উচিত।



### কাছাকাছি একটি টেলিফোন রাখুন

নিশ্চিত করুন যে আপনার কাছে একটি পৃথক টেলিফোন উপলব্ধ আছে। কোনও প্রযুক্তিগত সমস্যার ক্ষেত্রে আপনি মাইক্রোসফ্ট টিমস-এর শব্দটি মিউট (নিঃশব্দ) করতে পারেন এবং শুনানি সম্পূর্ণ করতে টেলিকনফারেন্সে কল করতে পারেন।